**Acc. No.** 84 **Shelf No.** A 1 4 R3

**Title** Sadācāra - Smṛtiḥ
**SubTitle**

**Role** [Author ✓] [Editor ✓] [Comment.] [Transl. ✓] [Compiler] [ ]

Madhvacarya
Bhaktisiddhanta Sarasvati

**Edition** 1st

**Publisher** Gaudiya Math

**Place** Kalikata **Year** 1926 **Ind.Yr.** Gau 440

**Lang.** Sanskrit **Script** Bengali

**Subject**

**P.T.O.** ➡

digitized at BRCindia.com

সদাচার স্মৃতি:

digitized at BRCindia.com

To His Grace

Srila Sundarananda Vidyabinode Pr.

Sri Krishna Chaitanya Math.

Purana Sahar

P. O. — Vrindaban.

Dist — Mathura.

(U. P)

digitized at BBCindia.com

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীমন্মধ্বাচার্য্য-বিরচিতা

# সদাচার-স্মৃতিঃ

গৌড়ীয়-ভাষানুবাদ-বিবরণোপেতা

শ্রীগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈক-সংরক্ষক-

পরমহংস-পরিব্রাজকাচার্য্যবর্য্যাষ্টোত্তরশতশ্রী-

**শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত-সরস্বতী-গোস্বামি-**

সম্পাদিতা


**শ্রীগৌড়ীয়-মঠতঃ**

২৪৩।২ অপার সার্কুলার রোডস্থ-

শ্রীগৌড়ীয় প্রিন্টিং ওয়ার্কস্ ইত্যাখ্য মুদ্রণশালায়াং

বি, এ, ইত্যুপাহ্বেন

**শ্রীঅনন্তবাসুদেব-বিদ্যাভূষণেন**

মুদ্রিতা প্রকাশিতা চ

গৌরপ্রকটাতীতাব্দে ৪৪০ মাধবে।

প্রথম সংস্করণ ] [ ভিক্ষা এক আনা।



digitized at BRCindia.com

**শ্রীগুরোর্ধ্যানম্—**

হৃদম্বুজে কর্ণিকমধ্যসংস্থং সিংহাসনোঽধঃস্থিতদিব্যমূর্ত্তিম্। ধ্যায়েদ্ গুরুং চন্দ্রকলাপ্রকাশং সম্বিৎসুখাভীষ্টবরপ্রদানম্॥ মুক্তাফলাভূষিতদিব্যমূর্ত্তিং বামাঙ্গপীঠস্থিতদিব্যশক্তিম্। শ্বেতাম্বরং শ্বেতবিলেপযুক্তং মন্দস্মিতং পূর্ণকলা-নিধানম্॥

**আত্মধ্যানম্—**

দিব্য শ্রীহরিমন্দিরাঢ্যতিলকং কণ্ঠং সুমালান্বিতং বক্ষঃ শ্রীহরিনামবর্ণসুভগং শ্রীখণ্ডলিপ্তং পুনঃ। শুভ্রং সূক্ষ্মনবাম্বরং বিমলতাং নিত্যং বহন্তীং তনুং, ধ্যায়েচ্ছ্রীগুরুপাদপদ্মনিকটে সেবোৎসুকাঞ্চাত্মনঃ॥

**শ্রীমন্মহাপ্রভোর্ধ্যানম্—**

শ্রীমন্মৌক্তিকদামবদ্ধচিকুরং সুস্মেরচন্দ্রাননং শ্রীখণ্ডাগুরুচারুচিত্রবসনং স্রগ্‌দিব্যভূষাঞ্চিতম্। নৃত্যাবেশরসানুমোদমধুরং কন্দর্প-বেশোজ্জ্বলং চৈতন্যং কনকদ্যুতিং নিজজনৈঃ সংসেব্যমানং ভজে॥

—*—

digitized at BRCindia.com

শ্রীমদ্ধনুমদ্ভীমমধ্বান্তর্গত-রামকৃষ্ণবেদব্যাসাত্মক-লক্ষ্মীহয়গ্রীবায় নমঃ।

# সদাচার-স্মৃতিঃ

যস্মিন্ সর্ব্বাণি কর্ম্মাণি সন্ন্যস্যাধ্যাত্মচেতসা।
নিরাশীর্নির্ম্মমো যাতি পরং জয়তি সোঽচ্যুতঃ ॥ ১ ॥

যে ভগবানে সকল কর্ম্ম সমর্পণ করিয়া হরিজন অধ্যাত্মচিত্তে নিরাশীঃ ও মমতাশূন্য হন, সেই ভগবান্-অচ্যুত সর্ব্বতোভাবে জয়যুক্ত হউন্ ॥ ১ ॥

স্মৃত্বা বিষ্ণুং সমুত্থায় কৃতশৌচো যথাবিধি।
ধৌতদন্তঃ সমাচম্য স্নানং কুর্য্যাদ্বিধানতঃ ॥ ২ ॥

বিষ্ণু-স্মরণপূর্ব্বক গাত্রোত্থান করিয়া যথাবিহিত শৌচক্রিয়া সমাপন করিবে। পরে দন্তধাবনপূর্ব্বক আচমন সমাপন করিয়া বিধানানুসারে স্নান করিবে ॥ ২ ॥

উদ্ধৃত্যেতি মৃদালিপ্য দ্বিষড়ষ্টষড়ক্ষরৈঃ।
ত্রির্নিমজ্জ্যাপ্যসূক্তেন প্রোক্ষয়িত্বা পুনস্ততঃ ॥ ৩ ॥
মৃদালিপ্য নিমজ্জ্যাত্রিস্ত্রির্জপেদঘমর্ষণম্।
স্রষ্টারং সর্ব্বলোকানাং স্মৃত্বা নারায়ণং পরম্ ॥ ৪ ॥

উদ্ধৃত মৃত্তিকা-লেপনপূর্ব্বক দ্বাদশ, আট ও ষড়ক্ষর আপ্যসূক্ত মন্ত্রদ্বারা তিনবার অবগাহন করিয়া পুনরায় প্রোক্ষণপূর্ব্বক তৎপরে

digitized at BRCindia.com

মৃত্তিকা-লেপন করিয়া অবগাহন করিবে। সর্ব্বলোক স্রষ্টা পরমেশ্বর নারায়ণকে স্মরণ করিয়া তিনবার অঘমর্ষণ মন্ত্র জপ করিবে ॥ ৩-৪ ॥

যতশ্বাসো নিমগ্নোঽপ্সু প্রণবণোত্থিতস্ততঃ।
সিঞ্চেৎ পুরুষ-সূক্তেন স্বদেহস্থং হরিং স্মরন্ ॥ ৫ ॥

নিশ্বাস বদ্ধ করিয়া জলে নিমজ্জন করিবে পরে প্রণব উচ্চারণ করিতে করিতে জল হইতে উঠিয়া নিজ শরীরস্থিত ভগবান্ হরিকে স্মরণ করিতে করিতে পুরুষসূক্ত মন্ত্রদ্বারা সেচন করিবে ॥ ৫ ॥

বসিত্বা বাস আচম্য প্রোক্ষ্যাচম্য চ মন্ত্রতঃ।
গায়ত্র্যা চাঞ্জলিং দত্বা ধ্যাত্বা সূর্য্যগতং হরিম্ ॥ ৬ ॥

বস্ত্র পরিধানপূর্ব্বক আচমন করিয়া মন্ত্রোচ্চারণপূর্ব্বক প্রোক্ষণ আচমন করিবে। গায়ত্রী উচ্চারণপূর্ব্বক অঞ্জলি প্রদান করিয়া সূর্য্য-স্থিত ভগবান্ হরিকে ধ্যান করিবে ॥ ৬ ॥

মন্ত্রতঃ পরিবৃত্যাথ সমাচম্য সুরাদিকান্।
তর্পয়িত্বা নিপীড্যাথ বাসো বিস্তৃত্য চাঞ্জসা ॥ ৭ ॥

অনন্তর পরিধেয় পরিবর্ত্তন করিয়া আচমন পূর্ব্বক সুরগণের তর্পণ করিবে। অনন্তর কালবিলম্ব না করিয়া বসন নিষ্পেষণ পূর্ব্বক শুখাইবার জন্য বিস্তার করিয়া দিবে ॥ ৭ ॥

অর্কমণ্ডলগং বিষ্ণুং ধ্যাত্বৈব ত্রিপদীং জপেৎ।
সহস্রপরমাং দেবীং শতমধ্যাং দশাবরাম্ ॥ ৮ ॥

সূর্য্যমণ্ডলস্থ বিষ্ণুধ্যানপূর্ব্বক ত্রিপদী দেবী গায়ত্রী জপ করিবে। সহস্র বার ত্রিপদী জপ শ্রেষ্ঠ, শতবার মধ্য ও অভাবপক্ষে দশবার ॥

digitized at BRCindia.com

আসূর্য্যদর্শনাত্তিষ্ঠেৎ ততস্তূপবিশেত বা।
পূর্ব্বাং সন্ধ্যাং সনক্ষত্রামুত্তরাং স দিবাকরান্॥ ৯॥
উত্তরামুপবিশ্যৈব বাগ্যতঃ সর্ব্বদা জপেৎ।

সূর্য্যোদয়াবধিকাল পর্য্যন্ত প্রাক্‌সন্ধ্যাকাল। সেইকালে পূর্ব্বমুখী হইয়া অবস্থিত বা উপবিষ্ট থাকিয়া আর উত্তরসন্ধ্যা সূর্য্যাস্তমিতকাল হইতে নক্ষত্রোদয়াবধি উত্তরমুখে উপবেশন পূর্ব্বক বাগ্যত হইয়া সর্ব্বদা সন্ধ্যা জপ করিবে॥ ৯॥

ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল-মধ্যবর্ত্তি-
নারায়ণঃ সরসিজাসন-সন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ মকরকুণ্ডলবান্ কিরীটি-
-হারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥ ১০॥

সবিতৃমণ্ডলের মধ্যস্থিত পদ্মাসনে আসীন কেয়ূরবিশিষ্ট মকরকুণ্ডলধারী শিরোভূষণযুক্ত হারবিশিষ্ট সুবর্ণদেহ ও শঙ্খচক্রধারী ভগবান্ নারায়ণের ধ্যান করিবে॥ ১০॥

গায়ত্র্যা ত্রিগুণং বিষ্ণুং ধ্যায়ন্নষ্টাক্ষরং জপেৎ।
প্রণম্য দেবান্ বিপ্রাংশ্চ গুরূংশ্চ হরিপার্ষদান্॥ ১১॥

গায়ত্রীদ্বারা ত্রিগুণাধীশ্বর বিষ্ণুকে ধ্যান করিয়া অষ্টাক্ষরমন্ত্র তিনবার জপ করিবে। অগ্রেই দেবতা, বিপ্র, গুরুবর্গ ও হরিপার্ষদগণকে প্রণাম করিবে॥ ১১।

এবং সর্ব্বোত্তমং বিষ্ণুং ধ্যায়ন্নেবার্চ্চয়েদ্ধরিম্।
ধ্যান-প্রবচনাভ্যাঞ্চ যথাযোগ্যমুপাসনম্॥ ১২॥

digitized at BRCindia.com

এই প্রকারে সর্ব্বোত্তম বিষ্ণুকে ধ্যান করিয়া হরিরই অর্চ্চন করিবেন। ধ্যান এবং মন্ত্রদ্বারা তাঁহার যথাযোগ্য উপাসনা হয় ॥১২॥

ধর্ম্মেণেজ্যাসাধনানি সাধয়িত্বা বিধানতঃ।

স্নাত্বা সম্পূজয়েদ্বিষ্ণুং বেদতন্ত্রোক্তমার্গতঃ ॥ ১৩ ॥

ধর্ম্মাবলম্বনে যথাবিধি তপস্যা সাধন করিয়া স্নানপূর্ব্বক বেদ-তন্ত্রোক্ত পদ্ধতিমতে বিষ্ণুপূজা করিবে ॥ ১৩ ॥

বৈশ্বদেবং বলিঞ্চৈব কুর্য্যান্নিত্যং তদর্পণম্।

ইষ্টং দত্তং হুতং জপ্তং পূর্ত্তং যচ্চাত্মনঃ প্রিয়ম্ ॥ ১৪ ॥

বৈশ্বদেব হোম উপহার, আত্মপ্রিয় অভিলষিত, প্রদত্ত, হোম-জপাদি ও পূর্ত্ত সর্ব্বদাই ভগবানকে অর্পণ করিবে ॥ ১৪ ॥

দারান্ সুতান্ প্রিয়ান্ প্রাণান্ পরস্মৈ সন্নিবেদয়েৎ।

ভুক্তশেষং ভগবতো ভৃত্যাতিথি-পুরঃসরঃ ॥ ১৫ ॥

ভুঞ্জীত হৃদ্গতং বিষ্ণুং স্মরংস্তদ্গতমানসঃ।

আচম্য মূলমন্ত্রেণ কোষ্ঠং সমভিমন্ত্রয়েৎ ॥ ১৬ ॥

নিজদারা, পুত্র, প্রিয়, প্রাণ সমস্তই পরতত্ত্বকে সম্যক্‌রূপে নিবেদন করিবে। ভগবানের ভুক্তাবশেষ প্রথমে গৃহের ভৃত্য, গৃহাগত অতিথিপ্রভৃতিকে খাওয়াইবে এবং বিষ্ণুগতমানস হইয়া হৃদয়স্থিত বিষ্ণুকে স্মরণ করিয়া স্বয়ং ভগবানের উচ্ছিষ্ট গ্রহণ করিবে। মূলমন্ত্রদ্বারা আচমনপূর্ব্বক উদরগৃহ-মধ্যশরীরকে সম্যগ্-রূপে সর্ব্বতোভাবে মন্ত্রযুক্ত করিবে ॥ ১৫-১৬ ॥

বেদশাস্ত্রবিনোদেন প্রীণয়ন্ পুরুষোত্তমম্।

অহঃশেষং নয়েৎ সন্ধ্যামুপাসীতাথ পূর্ব্ববৎ ॥ ১৭ ॥

digitized at BRCindia.com

দিবসের শেষভাগ বেদশাস্ত্র পঠনপাঠনাদিদ্বারা পুরুষোত্তমের প্রীতি সম্পাদন করিবে। পূর্ব্বকথিত যথাকালে সন্ধ্যার উপাসনা করিবে ॥ ১৭ ॥

যামাৎ পরত এবাথ স্বপেদ্ধ্যায়ন্ জনার্দ্দনম্।
অন্তরালে ততো বুদ্ধ্বা স্মরেত বহুশো হরিম্ ॥ ১৮ ॥

এক প্রহরের পর জনার্দ্দনকে ধ্যান করিয়া নিদ্রা যাইবে। এক প্রহর নিদ্রার পর জাগ্রত হইয়া হরিকে প্রচুর পরিমাণে স্মরণ করিবে ॥ ১৮ ॥

কায়েন বাচা মনসেন্দ্রিয়ৈর্ব্বা
বুদ্ধ্যাত্মনা বানুসৃতঃ স্বভাবম্।
করোমি যদ্যৎ সকলং পরস্মৈ
নারায়ণায়েতি সমর্পয়েত্তৎ ॥ ১৯ ॥

কায়মনোবাক্যদ্বারা অথবা অপর ইন্দ্রিয়সমূহদ্বারা বুদ্ধিদ্বারা আত্মদ্বারা স্বভাবের অনুসরণ করিয়া আমি যে সকল অনুষ্ঠান করিব সেই সকলগুলি পরমবস্তু নারায়ণকে সমর্পণ করিতে হইবে ॥ ১৯ ॥ ( ভাঃ ১১।২।৩৬ )

দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ।
ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে ॥ ২০ ॥

ক্ষর এবং অক্ষর নামক পুরুষদ্বয় লোকে প্রসিদ্ধ। সকল বদ্ধপ্রাণী ক্ষর শব্দবাচ্য এবং কূটস্থবস্তুই মুক্ত বা অক্ষর নামে অভিহিত ॥ ২০ ॥ ( গীতা ১৫।১৬ )

digitized at BRCindia.com

উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃতঃ।
যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্ত্যব্যয় ঈশ্বরঃ ॥ ২১ ॥

অপর সেই পুরুষোত্তমই পরমাত্মা বলিয়া উদাহৃত, যিনি ঈশ্বর অব্যয় হইয়াও ত্রিভুবনে প্রবিষ্ট হইয়া পালন করিয়া থাকেন ॥ ২১ ॥ ( গীতা ১৫।১৭ )

যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ।
অতোঽস্মিল্লোঁকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ ॥ ২২ ॥

যেহেতু আমি ক্ষর এবং অক্ষর হইতে ও উত্তম সেজন্য লোকে এবং বেদে আমি পুরুষোত্তম নামে প্রসিদ্ধ ॥ ২২ ॥ (গীতা ১৫।১৮)

যো মামেবমসংমূঢ়ো জানাতি পুরুষোত্তমম্।
স সর্ব্ববিদ্ভজতি মাং সর্ব্বভাবেন ভারত ॥ ২৩ ॥

যিনি মূঢ়তা অতিক্রম করিয়া আমাকেই পুরুষোত্তম বলিয়া জানেন, হে ভারত, তিনিই সর্ব্ববিদ্ সুতরাং আমাকে সকলভাবেই ভজন করেন ॥ ২৩ ॥ ( গীতা ১৫।১৯ )

ইতি গুহ্যতমং শাস্ত্রমিদমুক্তং ময়ানঘ।
এতদ্বুদ্ধ্বা বুদ্ধিমান্ স্যাৎ কৃতকৃত্যশ্চ ভারত ॥ ২৪ ॥
( গীতা ১৫।২০ )

হে ভারত, এই সর্ব্বাপেক্ষা গোপনীয় শাস্ত্র আমি বলিলাম। ইহা জানিয়া জীব বুদ্ধিমান্ এবং সর্ব্বসিদ্ধি লাভ করেন ॥ ২৪ ॥

রুদ্রং সমাশ্রিতা দেবা রুদ্রো ব্রহ্মাণমাশ্রিতঃ।
ব্রহ্মা মামাশ্রিতো নিত্যং নাহং কঞ্চিদুপাশ্রিতঃ ॥ ২৫ ॥

digitized at BRCindia.com

দেবগণ রুদ্রকে আশ্রয় করিয়া অবস্থিত, রুদ্র আবার ব্রহ্মার আশ্রয়ে বাস করেন। ব্রহ্মা আমাকেই নিত্য আশ্রয় করিয়া থাকেন; আমি কাহাকে আশ্রয় করিয়া অবস্থিত নহি॥ ২৫॥

যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ॥ ২৬॥

যে সকল মানব আমার এই মতে নিত্য অবস্থিত সেই শ্রদ্ধা-বিশিষ্ট পরদ্রোহরহিত জীবগণই কর্ম্মশৃঙ্খল হইতে মুক্ত হন॥ ২৬॥ (গীতা ৩।৩১)

যে ত্বেতদভ্যসূয়ন্তো নানুতিষ্ঠন্তি মে মতম্।
সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ॥ ২৭॥

যাহারা এই বাক্যের বিরোধী অসূয়া পরবশ হইয়া আমার নির্দ্দেশমত অবস্থিত হয় না তাহাদিগকে চিত্তহীন সর্ব্বজ্ঞানবিমূঢ় অসদ্ বলিয়া জানিবে॥ ২৭॥ (গীতা ৩।৩২)

দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ।
বিষ্ণুভক্তিপরো দৈবো বিপরীতস্তথাসুরঃ॥ ২৮॥
(পদ্মপুরাণোক্ত বৃহৎসহস্র নাম স্তোত্র)

এই পৃথিবীতে দুইটী প্রাণীসর্গ আছে। তাহাদের দৈব ও আসুর নামে প্রসিদ্ধি। যিনি বিষ্ণুভক্তিপর যিনি দৈবসৃষ্টি এবং বিপরীত সৃষ্টবস্তুকে আসুর সৃষ্টি জানিবে॥ ২৮॥

স্মর্ত্তব্যঃ সততং বিষ্ণুর্বিস্মর্ত্তব্যো ন জাতুচিৎ।
সর্ব্বে বিধিনিষেধাঃ স্যুরেতয়োরেব কিঙ্করাঃ॥ ২৯॥

digitized at BRCindia.com

সর্ব্বদা বিষ্ণুর স্মরণ করা কর্ত্তব্য, কোন সময়েই বিস্মৃত হওয়া উচিত নহে। শাস্ত্রীয় যাবতীয় বিধি বিষ্ণুস্মৃতির অনুগত ও যাবতীয় শাস্ত্রীয় নিষেধ বিষ্ণুবিস্মৃতি জাত ॥ ২৯ ॥ (পদ্মোত্তর বচন)

ধর্ম্মো ভবত্যধর্ম্মোঽপি কৃতো ভক্তৈস্তবাচ্যুত।
পাপং ভবতি ধর্ম্মোঽপি যো ন ভক্তৈঃ কৃতো হরেঃ ॥৩০॥

হে অচ্যুত আপনার ভক্তগণের অনুষ্ঠিত অধর্ম্মও ধর্ম্ম বলিয়া সিদ্ধ হয় এবং আপনার ভক্তগণের অননুষ্ঠিত ধর্ম্মও পাপ বলিয়া পরিগণিত হয় ॥ ৩০ ॥

মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
নিত্যং ভবেচ্চ মন্নিষ্ঠো বুভূষুঃ পুরুষস্তথা ॥ ৩১ ॥

আমার প্রতি মনোভিনিবেশ করিও, আমার ভক্ত হইও, আমাকে যজন করিও আমাকে নমস্কার করিও। স্থিতিকাম পুরুষ আমার প্রতি সর্ব্বদা পরিনিষ্ঠিত থাকিবেন ॥ ৩১ ॥

এষ নিত্যঃ সদাচারো গৃহিণো বনিনস্তথা।
বৈশ্বদেবং বলিং দন্তধাবনং চাপ্যতে বটোঃ ॥ ৩২ ॥

ব্রহ্মচারী ভিন্ন গৃহস্থের বা বানপ্রস্থের বৈশ্বদেবপূজা উপহার এবং দন্তধাবনই সদাচার ॥ ৩২ ॥

এবমেব যতেঃ স্বীয়বিত্তেন তু বিনা সদা।
মূলমন্ত্রৈঃ যদা স্নানং বিষ্ণোরেব চ তর্পণম্ ॥ ৩৩ ॥

সন্ন্যাসীর ও ধন ব্যতীত সর্ব্বদা মূলমন্ত্র সহযোগে নিত্যস্নান এবং বিষ্ণুরই তর্পণ এই প্রকার কর্ত্তব্য ॥ ৩৩ ॥

digitized at BRCindia.com

বিশেষো নিষ্ক্রিয়-যতেরজলাঞ্জলিনা তথা।
তর্পণং তু হরেরেব যতেরন্যস্য চোদিতম্ ॥ ৩৪ ॥

নিষ্ক্রিয় সন্ন্যাসীর জলাঞ্জলিশূন্য হরিতর্পণই বিশেষ ; সন্ন্যাসী ব্যতীত অন্যের পক্ষেও শ্রীহরিরই তর্পণ বিধি ॥ ৩৫ ॥

সামিদ্ধোমো বটোশ্চৈব স্মৃত্বা বিষ্ণুং হুতাশনে।
সর্ব্ববর্ণাশ্রমৈর্বিষ্ণুরেক এবেজ্যতে সদা ॥ ৩৫ ॥

বিষ্ণু স্মরণ করিয়া অগ্নিতে সমিৎপ্রক্ষেপাত্মক হোমই ব্রহ্মচারীর কৃত্য। সকল বর্ণ ও সকল আশ্রমের একমাত্র বিষ্ণুপূজাই সর্ব্বদা কর্ত্তব্য ॥ ৩৫ ॥

রমা ব্রহ্মাদয়স্তস্য পরিবারাস্ত এব তু ॥ ৩৬ ॥
সেই রমা ব্রহ্মা প্রভৃতি সেই বিষ্ণুরই পরিবার ॥ ৩৬ ॥
কবিং পুরাণমনুশাসিতারমণোরণীয়াংসমনুস্মরেদ্ যঃ।
সর্বস্য ধাতারমচিন্ত্যরূপমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ ॥৩৭॥
বেদাহমেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসস্তু পারে।
সর্ব্বাণি রূপাণি বিচিন্ত্য ধীরো নামানি কৃত্বাভিবদন্যদাস্তে ॥

ধ্যেয়বস্তুকে যিনি অনুসরণ করেন তিনি তাঁহাকেই লাভ করেন। তিনি কবি, সনাতন, উপদেষ্টা বা নিয়ন্তা অতিসূক্ষ্ম সকলের বিধাতা, জড়বুদ্ধির দুর্জ্জেয়রূপবিশিষ্ট মধ্যমাকার, তথাপি স্বপ্রকাশবশতঃ আদিত্যের ন্যায় বর্ণযুক্ত এবং তমোময়ী প্রকৃতির অতীত বস্তু ॥ ৩৭ ॥

digitized at BRCindia.com

তমের অতীতলোকে আদিত্য বর্ণ (স্বপ্রকাশ) মহান্ বলিয়া এই পুরুষোত্তমকে জানি, যেহেতু ধীর ব্যক্তি সর্ব্বরূপ চিন্তা করিয়া নাম করিতে করিতে অভিবাদন করিতে থাকেন ॥ ৩৮ ॥

ধাতাপুরস্তাদ্ যমুদাজহার শক্রঃ প্রবিদ্বান্ প্রদিশশ্চতস্রঃ।
তমেবং বিদ্বানমৃত ইহ ভবতি নান্যঃ পন্থা অয়নায় বিদ্যতে ॥

সর্ব্বজ্ঞ ধাতা ইন্দ্র পূর্ব্বে যাঁহাকে প্রচার করিয়াছিলেন তাঁহাকে এইরূপ যিনি জানেন তিনিই লোকে অমৃতত্ব প্রাপ্ত হ'ন। আর কোন আশ্রয়ণীয় পন্থা নাই। ॥ ৩৯ ॥

আনন্দতীর্থমুনিনা ব্যাসবাক্যসমুদ্ধৃতিঃ।
সদাচারস্য বিষয়ে কৃতা সংক্ষেপতঃ শুভা ॥ ৪০ ॥

আনন্দতীর্থ মধ্বমুনি কর্ত্তৃক সংক্ষেপে লোকমঙ্গলের জন্য এই সদাচার বিষয়ে ব্যাসবাক্য সংগ্রহ প্রবন্ধ রচিত হইয়াছে ॥ ৪০ ॥

অশেষ-কল্যাণগুণ-নিত্যানুভবসত্তনুঃ।
অশেষ-দোষ-রহিতঃ প্রীয়তাং পুরুষোত্তমঃ ॥ ৪১ ॥

ইতি শ্রীমদানন্দতীর্থভগবৎপাদাচার্য্য-বিরচিতা
সদাচারস্মৃতিঃ সম্পূর্ণা ॥

অশেষ কল্যাণ গুণগণদ্বারা নিত্যকাল অনুভব বিশিষ্ট সুবিগ্রহ যিনি ধারণ করিয়াছেন এবং যিনি অশেষ দোষশূন্য সেই পুরুষোত্তম প্রীত হউন্ ॥ ৪১ ॥

ইতি শ্রীভগবন্-মধ্বমুনিবিরচিত 'সদাচার-
স্মৃতি' গ্রন্থ সম্পূর্ণ হইল।

digitized at BRCindia.com

# স্মৃতি-বিবরণী

**সদাচার**—সাধবঃ ক্ষীণদোষাস্তু সচ্ছব্দঃ সাধুবাচকঃ।
তেষামাচরণং যত্তু সদাচারঃ স উচ্যতে ॥
( হরিভক্তিবিলাস ৩।৮ ধৃত বিষ্ণুপুরাণ-বচনম্ )

**স্মৃতি**—স্মরন্তি বেদমনয়া স্মৃতিঃ। মহর্ষিভির্বেদার্থস্মরণং স্মৃতিঃ। তদ্‌যোগাৎ গ্রন্থোঽপি স্মৃতিরিতি মুকুটঃ ॥ স চ সাত্ত্বিকরাজসতামসভেদেন ত্রিবিধঃ।. যথা ( পাদ্মোত্তরে ৪৩ অঃ )

তথৈব স্মৃতয়ঃ প্রোক্তা ঋষিভিস্ত্রিগুণান্বিতাঃ।
সাত্ত্বিকা রাজসাশ্চৈব তামসাঃ শুভদর্শনে ॥
বাসিষ্ঠং চৈব হারীতং ব্যাসং পারাশরং তথা।
ভারদ্বাজং কাশ্যপঞ্চ সাত্ত্বিকা মুক্তিদাঃ শুভাঃ॥
চ্যবনং যাজ্ঞবল্ক্যঞ্চ আত্রেয়ং দাক্ষমেব চ।
কাত্যায়নং বৈষ্ণবঞ্চ রাজসাঃ স্বর্গদা মতাঃ ॥
গৌতমং বার্হস্পত্যঞ্চ সংবর্ত্তঞ্চ যমং স্মৃতম্।
সাংখ্যং চৌশনসং দেবি তামসা নিরয়প্রদাঃ ॥
কিমত্র বহুনোক্তেন পুরাণেষু স্মৃতিষ্বপি।
তামসা নরকায়ৈব বর্জ্জয়েৎ তান্ বিচক্ষণঃ ॥
অতো হি রাজসং কর্ম্ম তামসঞ্চ বরাননে।
প্রাণান্তে নৈব কুর্য্যাদ্বৈবিবেকীতত্ত্ববিন্নরঃ ॥
বিনা তু সাত্ত্বিকং কর্ম্ম যত্রাসাধারণং হরেঃ।
কদাচিদ্রাজসং কার্য্যং মানসৈস্তামসং ন তু ॥

digitized at BRCindia.com

যজ্ঞেন যজ্ঞমযজন্ত দেবাস্তানি ধর্ম্মাণি প্রথমান্যাসন্ ॥

তে হ নাকং মহিমানঃ সচন্তযত্র পূর্ব্বে সাধ্যাঃ সন্তি দেবাঃ ॥

**ব্রহ্ম-গায়ত্রী**—ওঁ ভূর্ভুবঃ স্বঃতৎসবিতুর্ব্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ॥ ৬ ॥

**বেদ-তন্ত্রোক্তমার্গ**—যদা স্বনিগমেনোক্তং দ্বিজত্বং প্রাপ্য পুরুষঃ। যথা যজেত মাং ভক্ত্যা শ্রদ্ধয়ৈতন্নিবোধ মে॥ অর্চ্চায়াং স্থণ্ডিলেঽগ্নৌ বা সূর্য্যে বাপ্সু হৃদি দ্বিজঃ। দ্রব্যেণ ভক্তিযুক্তোঽর্চ্চেৎ স্বগুরুং মামমায়য়া ॥

দীক্ষা দ্বিবিধা—বৈদিকী বেদানুগা। বেদানুগা দীক্ষা দ্বিবিধা—পৌরাণিকী ও পাঞ্চরাত্রিকী। যোগ্যজ্ঞানে সংস্কৃত দ্বিজের দীক্ষা বৈদিকী। অযোগ্যজনে অধিকারী জ্ঞানে পৌরাণিকী দীক্ষা এবং অনধিকারী বিচারে ভাবী যোগ্যতা লাভের উদ্দেশে পাঞ্চরাত্রিকী দীক্ষা। ব্রহ্মযামল বলিয়াছেন, কলিকালে বৈদিকী দীক্ষার সম্ভাবনা নাই। অশুদ্ধাঃ শূদ্রকল্পা হি ব্রাহ্মণাঃ কলিসম্ভবাঃ।

তেষামাগম-মার্গেণ শুদ্ধির্ন শ্রৌতবর্ত্মনা ॥

শ্রীহরিভক্তি-বিলাস দীক্ষার অনুকূলে আগমবিধির কথাই সমর্থন করেন। যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ। তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাম্॥ অর্থাৎ দীক্ষাবিধানের অন্তর্গত প্রণালীর মধ্যেই বৈদিক উপনয়ন সংস্কার অন্তর্নিহিত থাকে। দীক্ষাকালেই অনধিকারী মানবকের দ্বিজত্ব সিদ্ধ হয়। দীক্ষা সমাপ্ত হইলে আর তাঁহার মধ্যকালীয় মৌঞ্জিবন্ধনাদি অনুষ্ঠান অবশিষ্ট থাকে না। ( নাঃ পঞ্চরাত্র-ভরদ্বাজসংহিতা ২।৩৪ )

স্বয়ং ব্রহ্মণি নিক্ষিপ্তান্ জাতানেব হি মন্ত্রতঃ।

বিনীতানথ পুত্রাদীন্ সংস্কৃত্য প্রতিবোধয়েৎ ॥

digitized at BRCindia.com

From

Sri Gaudiya Math.
Gowalia Tank Road.
Bombay 26.

digitized by LBRCindia.com